

অতীব জরুরী
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬ (অংশ-১)- ৪৬৪ তারিখ : ১৪ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ।
২৭ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।


বিষয়ঃ গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার গজারিয়া ইউনিয়ন পরিষদের সীমানা সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১১৭৭৭/২০১৫ মোকদ্দমায় ০৯ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের আদেশ সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, গাইবান্ধা কার্যালয়ের স্মারক নং-৩০৪(৩), তারিখঃ ২৪/০৩/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলাধীন গজারিয়া ইউনিয়নের সীমানা নির্ধারণ বিষয়ে জনৈক সামসুল হক মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১১৭৭৭/২০১৫ দায়ের করেন। উক্ত রীট মামলাটিতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ০৯/০২/২০১৬ তারিখে খারিজ আদেশ প্রদান করা হয়েছে মর্মে জেলা প্রশাসক, গাইবান্ধা সূত্রোক্ত পত্রের মাধ্যমে জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, জেলা প্রশাসক, গাইবান্ধা এর পত্রের ছায়ািলিপি সংযুক্তিসহ সদয় অবগতির জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে-বাংলানগর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।